# নফসের গোলামী ও মুক্তির উপায়

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল

লেখকের আবেদন

প্রশংসা মাত্রই আল্লাহ তা'য়ালার জন্য। দরুদ ও সালাম আমাদের নবী মুহাম্মদ এবং তাঁর পরিবার ও সাহাবাগণের প্রতি বর্ষিত হোক। প্রতিটি পাপের মূলে হলো নফসের গোলামী। মানুষ যখন তার নফসকে কুরআন ও সুন্নাহর লাগাম পরিয়ে নিজে মালিক হয় তখনই হয় তার নাজাত। আর যখন সে নিজে নফসের গোলাম হয়ে পড়ে তখনই তার ধ্বংস অনিবার্য ।

নফসের সাথে জিহাদ করাকে সর্বোত্তম জিহাদ বলে নবী আখ্যায়িত করেছেন। নফস এমন এক শত্রু ও দুশমন যে সর্বদা নিজের মাঝেই বসবাস করে সর্বপ্রকার ধ্বংসলীলা ঘটাতে থাকে। নফসের গোলামীর ভয়ঙ্কর পরিণতি সম্পর্কে জ্ঞান না থাকায় অনেকে তার ফাঁদে পড়ে দুনিয়া ও আখেরাতের জীবনের সুখ-শান্তি বিনষ্ট করছে। তাই আমরা মানুষকে নফসের অনিষ্ট থেকে বাঁচার উদ্দেশ্যে “নসের গোলামী ও মুক্তির পথ বিষয়ে এই ছোট্ট বইটি উপহার দিচ্ছি।

বইটির প্রথম প্রকাশ করতে পারায় আমরা আল্লাহ তা'য়ালার অশেষ শুকরিয়া আপন করছি।

পাঠক মহোদয় ইহা থেকে উপকৃত হলে আমাদের পরিশ্রম সার্থক হবে। যাঁরা এ মহৎ কাজে সহযোগিতা করেছেন, তাঁদের সকলকে আমাদের সকৃতজ্ঞ ধন্যবাদ জানাই।

পরিশেষে আমাদের নিবেদন এই যে, সংশোধনের কাজ কোন দিনও চূড়ান্ত করা যায় না। অতএব, বইটি পড়ার সময় কোন ভুল-ত্রুটি বা ভ্রম কারো দৃষ্টিতে পড়লে অথবা কোন নতুন প্রস্তাব থাকলে তা আমাদেরকে অবহিত করালে সাদরে গৃহীত হবে। আর পরবর্তী সংস্করণে যথাযথ বিবেচনা করা হবে।

আল্লাহ তা'য়ালা আমাদের এই মহতী উদ্যোগ ও ক্ষুদ্র প্রচেষ্টাকে কবুল করুন। আমীন!

আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল। আল-আহসা ইসলামিক সেন্টার, বাংলা বিভাগ, সৌদি আরব। ১০/১০/১৪৩২ হিঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=15150

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন